একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০২৯. ০০২.২০২০-৫৭৩

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২৯ মে ২০২৩

বিষয়: Government Employee Management System (GEMS)- বিষয়ক প্রশিক্ষণ।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.২২৪.৩১.০০১.২১-১১ তারিখ: ০৭ মে ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে 'সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি- Government Employee Management System (GEMS)- শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে স্মার্ট Employee Management System (EMS), Organization Management System (OMS) এবং Performance Management System (PMS) ডেভেলপমেন্ট এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত **বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের** Government Employee Management System (GEMS)- বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা ভার্চুয়ালি (Zoom Apps) আগামী ৩০ মে ২০২৩ তারিখ দুপুর ১২.০০ টায় অনুষ্ঠিত হবে। জনাব মুহম্মদ ইবরাহিম, সচিব, স্থানীয় সরকার বিভাগ সংযুক্ত থেকে কর্মশালার কার্যক্রম উদ্বোধন করবেন।

০২। এমতাবস্থায়, আগামী ৩০ মে ২০২৩ তারিখ দুপুর ১২.০০ টায় অনুষ্ঠেয় Government Employee Management System (GEMS)- বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থায় কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের ভার্চুয়ালি (Zoom Apps) সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি ইন্টারনেট সংযোগসহ অন্য একটি কম্পিউটার/ ল্যাপটপ সাথে রাখার জন্য অনুরোধ করা হলো।

Zoom Apps –ID: 8248927155 এবং Passcode: 1a2b3c

সংযুক্তি: বর্ণনামতে।

২৯/০৫/২৩

পিন্টু বেপারী
উপসচিব
ফোন- ৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম/গাজীপুর/সিলেট/খুলনা/বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
৫। প্রকল্প পরিচালক, আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী প্রকল্প-২/উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০২৯. ০০২.২০২০-৫৭৩/১(৫)

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ / ২৯ মে ২০২৩

অনুলিপি:-

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
৩। উপসচিব (সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ-২/পাস-২), স্থানীয় সরকার বিভাগ।
৪। সিনিয়র সহকারী সচিব (পাস-৩), স্থানীয় সরকার বিভাগ।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

২৯/০৫/২৩

পিন্টু বেপারী
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র (পিএসিসি)

www.mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২২৪.৩১.০০১.২১.১১ তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০

০৭ মে ২০২৩

বিষয়: Employee Management System (EMS)- এ কর্মকর্তাগণের ব্যক্তিগত ডাটা এন্ট্রিকরণ।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ে 'সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি- Government Employee Management System (GEMS)' শীর্ষক কর্মসূচি চলমান আছে। উক্ত কর্মসূচির মাধ্যমে স্মার্ট Employee Management System (EMS), Organization Management System (OMS) এবং Performance Management System (PMS) ডেভেলপমেন্ট এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রথম পর্যায়ে প্রজাতন্ত্রের কর্মচারীগণের ব্যক্তিগত তথ্য ব্যবস্থাপনার জন্য একটি ডাইনামিক ডাটাবেইজ সিস্টেম-Employee Management System (EMS) প্রস্তুত করা হয়েছে। প্রথম ধাপে জনপ্রশাসন মন্ত্রণালয়ের Personal Information Management System (PMIS) ভুক্ত বিসিএস (প্রশাসন) ক্যাডার এবং অন্য ক্যাডার থেকে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের তথ্যসমূহ EMS-এ স্থানান্তর করা হয়েছে। এখন থেকে কর্মকর্তাগণ উক্ত সিস্টেমে নিজে তার তথ্য হালনাগাদ/সংযুক্ত করতে পারবেন এবং নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তা সিস্টেমে সংরক্ষিত হবে। উল্লেখ্য, পরবর্তীতে ক্যাডার নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ের মাধ্যমে অন্যান্য ক্যাডারের জনবল এবং সকল কর্মচারীদের জন্য সিস্টেমটি পর্যায়ক্রমে সম্প্রসারিত হবে।

২। EMS এ ব্যক্তিগত তথ্য হালনাগাদকরণের জন্য প্রত্যেক কর্মকর্তাকে সিস্টেম (www.gems.gov.bd) হতে নিজস্ব মোবাইল নম্বর/NID নম্বর/ই-মেইল নম্বর দিয়ে পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে। অত:পর সিস্টেমে রক্ষিত তথ্যসমূহ হালনাগাকরণসহ নতুন তথ্য সংযুক্ত করতে হবে। সিস্টেমের ব্যবহার সম্পর্কে ধারণা প্রদান এবং মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরসমূহে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডার ও অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণকে সহযোগিতা করার জন্য প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের ২ জন কর্মকর্তাকে ইতোমধ্যে ১দিনের TOT প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বর্তমানে পরিচালিত ব্যক্তিগত তথ্য ভান্ডার PMIS এর কার্যক্রম শীঘ্রই বন্ধ করা হবে এবং এর পরিবর্তে EMS এর মাধ্যমে ব্যক্তিগত তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও উক্ত তথ্য ব্যবহার করে কর্মকর্তাগণের পদায়ন, পদোন্নতিসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হবে। বর্ণিত প্রেক্ষাপটে PMISভুক্ত সকল কর্মকর্তাকে Government Employee Management System (GEMS)-এ লগইন করে সিস্টেম জেনারেটেড নিজ নিজ আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে হবে, প্রযোজ্য তথ্য হালনাগাদ করতে হবে এবং পরবর্তীতে তথ্য হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এ সংক্রান্ত ইউজার ম্যানুয়াল বা ব্যবহার নির্দেশিকা www.gems.gov.bd বা www.mopa.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৪। এমতাবস্থায়, তাঁর দপ্তরে এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থায় কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তা এবং অন্যান্য ক্যাডার হতে আগত উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণকে Government Employee Management System (GEMS)- এ (www.gems.gov.bd) লগইন করে নিজ নিজ আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে প্রযোজ্য তথ্য আগামী ৩০/০৫/২০২৩ তারিখের মধ্যে হালনাগাদ করার নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। পাশাপাশি, প্রয়োজনে TOT প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে এ বিষয়ে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭-৫-২০২৩
মো: আঃ রাজ্জাক সরকার
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০৫১২
ইমেইল: paccbr@mopa.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৫.০০.০০০০.২২৪.৩১.০০১.২১.১১/১(১২)

তারিখ: ২৪ বৈশাখ ১৪৩০
০৭ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সকল অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪) কম্পিউটার অপারেশন সুপারভাইজার, কম্পিউটার অপারেশন সুপারভাইজার এর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৭-৫-২০২৩
মুহাম্মদ হাফিজুর রহমান
সিনিয়র সিস্টেম এনালিস্ট